

আর-রুম | Ar-Rum | الرُّوم

আয়াতঃ ৩০ : ৫৭

আরবি মূল আয়াত:

فَيَوْمَئِذٍ لَا يَنْفَعُ الَّذِينَ ظَلَمُوا مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ ﴿٥٧﴾

অনুবাদসমূহ:

অতঃপর যারা যুলুম করেছে, সেদিন তাদের কোন ওয়র-আপত্তি উপকারে আসবে না এবং (আল্লাহকে) সন্তুষ্ট করতেও তাদেরকে বলা হবে না। — আল-বায়ান

অন্যায়কারীদের ওয়র আপত্তি সেদিন কোন কাজে আসবে না এবং তাদেরকে সংশোধনেরও সুযোগ দেয়া হবে না। — তাইসিরুল

সেদিন সীমা লংঘনকারীর ওয়র আপত্তি তাদের কাজে আসবেনা এবং তাদেরকে (আল্লাহর) সন্তুষ্টি লাভের সুযোগও দেয়া হবেনা। — মুজিবুর রহমান

So that Day, their excuse will not benefit those who wronged, nor will they be asked to appease [Allah]. — Sahih International

৫৭. সুতরাং যারা যুলুম করেছে সেদিন তাদের ওয়র-আপত্তি তাদের কোন কাজে আসবে না এবং তাদেরকে তিরস্কৃত হওয়ার (মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি লাভের) সুযোগও দেয়া হবে না।

তাকসীরে জাকারিয়া

(৫৭) সেদিন সীমালংঘনকারীদের ওয়র-আপত্তি ওদের কাজে আসবে না এবং ওদেরকে আল্লাহর সন্তুষ্টিলাভের সুযোগও দেওয়া হবে না। [1]

[1] অর্থাৎ, তাদেরকে পৃথিবীতে পুনরায় প্রেরণ করে তওবা ও আনুগত্য করে আল্লাহর আযাব থেকে রক্ষা পাওয়ার কোন সুযোগ দেওয়া হবে না।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3466>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন